

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৪

১/ বিবিধ

আরবী

يا عائشة! إن أردت اللحوق بي، فليكفك من الدنيا كزاد الركب، ولا تستخلقي ثوبا حتى ترقعيه، وإياك ومجالسة الأغنياء
ضعيف جدا

أخرجه الترمذي (1/329) وابن سعد في " الطبقات " (8/1/52) وابن أبي الدنيا في " زم الدنيا " (ق 10/2) والحاكم (4/312) وابن عدي في " الكامل " (ق 198/1) والبعثوني في " شرح السنة " (3/307/1) من طريق سعيد بن محمد الوراق عن صالح بن حسان عن عروة بن الزبير عن عائشة مرفوعا. وقال الترمذي: هذا حديث غريب، لا نعرفه إلا من حديث صالح بن حسان وسمعت محمدا (يعني البخاري) يقول: هو منكر الحديث وقال ابن عدي: صالح بن حسان بعض أحاديثه فيه إنكار، وهو إلى الضعف أقرب منه إلى الصدق

قلت: وقول البخاري المتقدم فيه يشعر أنه في منتهى الضعف عنده، على ما عرف من اصطلاحه في هذه الكلمة. ولهذا قال الحافظ في " التقريب ": متروك ولذلك فقد أخطأ الحاكم خطأ فاحشا حين قال: " هذا حديث صحيح الإسناد "! واغتر به الفقيه الهيثمي، فصححه في كتابه " أسنى المطالب في صلة الأقراب " (ق 41/1) ولم يدر أن الذهبي قد تعقبه بقوله: " قلت: الوراق عدم وهو كما قال، لكن الوراق لم يتفرد به فيما يبدو، فقد رأيت الحديث في " أحاديث محمد بن عاصم " لعبد الغني المقدسي (ق 152/1) من طريق أبي يحيى الحماني:

حدثنا صالح بن حسان به

وأبو يحيى اسمه عبد الحميد بن عبد الرحمن وهو صدوق يخطيء من رجال الشيخين
فهو خير بكثير من مثل الوراق، فأعلال الذهبي الحديث به دون حسان مما لا يخفى
ما فيه

وقال المنذري في " الترغيب " (4/98) : " رواه الترمذي والحاكم والبيهقي من طريقه
وغيرها كلهم من رواية صالح بن حسان وهو منكر الحديث عن عروة عنها. وقال
الحاكم: " صحيح الإسناد "، وذكره رزين، فزاد فيه: قال عروة: فما كانت عائشة
تستجد ثوبا حتى ترقع ثوبها وتنكسه، ولقد جاءها يوما من عند معاوية ثمانون ألفا فما
أمسى عندها درهم،
قالت لها جاريتها: فهلا اشتريت لنا منه لحما بدرهم؟ قالت: لوذكرتني لفعلت

বাংলা

১২৯৪ । হে আয়েশা! তুমি যদি আমার সাথে মিলিত হওয়ার ইচ্ছা কর তাহলে দুনিয়াতে একজন মুসাফিরের জন্য যে পরিমাণ খাদ্য প্রয়োজন তাই তোমার জন্য যথেষ্ট আর যে পর্যন্ত পরিধেয় কাপড়ে পত্তি না লাগাবে সে পর্যন্ত তুমি নতুন কাপড় অনুসন্ধান করো না এবং তুমি ধনীদেব সাথে বসা থেকে নিজেকে বাঁচিয়ে রাখ।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিযী (১/৩২৯), ইবনু সা'দ "আতত্ববাকাত" গ্রন্থে (৮/১/৫২), ইবনু আবিদ দুনিয়া "যাম্মুদ দুনিয়া" গ্রন্থে (কাফ ২/১০), হাকিম (৪/৩১২), ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ১/১৯৮) ও বাগাবী "শারহুস সুন্নাহ" গ্রন্থে (৩/৩০৭/১) সাঈদ ইবনু মুহাম্মাদ ওররাক সূত্রে সালেহ ইবনু হাসসান হতে, তিনি উরওয়াহ ইবনুয যুবায়ের হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেনঃ এ হাদীসটি গারীব। এ হাদীসটিকে একমাত্র সালেহ ইবনু হাসসানের হাদীস হতেই আমি চিনি। ইমাম বুখারীকে বলতে শুনেছিঃ তিনি (সালেহ) মুনকারুল হাদীস।

ইবনু আদী বলেনঃ সালেহ ইবনু হাসসানের কোন কোন হাদীস মুনকার। তিনি সত্যবাদী হওয়ার চেয়ে দুর্বল হওয়ারই বেশী নিকটবর্তী।

আমি (আলবানী) বলছিঃ ইমাম বুখারীর উক্ত উক্তি প্রমাণ করে যে, সালেহ তার নিকট খুবই দুর্বল। এ কারণেই হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাতরুক।

আর এ কারণেই হাকিম যে বলেছেনঃ হাদীসটির সনদ সহীহ্। এ কথার দ্বারা তিনি মারাত্মক ভুল করেছেন। আর হায়সামী তার কথার কারণে ধোঁকায় পড়ে তার “আসনাল মাতালিব ফী সিলাতিল আকারিব” গ্রন্থে (কাফ ১/৪১) হাদীসটিকে সহীহ আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72173>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন